

ফাতওয়া নম্বর: ৪৪০

প্রকাশকাল: ১৩-০১-২০২৪ ইং

গোসল ফরয অবস্থায় আদায়কৃত নামাযের হুকুম

প্রশ্ন:

এক ব্যক্তি ঘুম থেকে উঠে অভ্যাস মতো ফরয নামায আদায় করে নেয়। নামাযের ওয়াক্ত শেষ হওয়ার পর বুঝতে পারে, তার উপর গোসল ফরয হয়েছিলো। তার ওই নামাযের হুকুম কী?

-আবদুল্লাহ

উত্তর:

তার ওই নামায সহীহ হয়নি। পবিত্র হওয়ার পর উক্ত নামাযের কাযা আদায় করতে হবে। -সহীহ মুসলিম: ১/২০৪ (দারু ইহইয়ায়িত তুরাস); মুসান্নাফ আব্দুর রায়যাক: ২/৩৫১ (আল-মাকতাবুল ইসলামী); মুসান্নাফ ইবনে আবী শাইবাহ: ৩/৪৭১ (দারুল কিবলাহ); মাজমুউল ফাতাওয়া: ২২/৯৯ (মাজমাউল মালিক ফাহাদ); রাদ্দুল মুহতার: ১/২১৯ (দারুল ফিকর)

আরও দেখুন ফাতওয়া ২৭৪ : [ভুলে ফরয গোসল ছুটে গেলে কি সালাত হবে?](#)

فقط، والله تعالى أعلم بالصواب

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনহু)

২৩-০৫-১৪৪৫ হি.

০৮-১২-২০২৩ ই.

